সংবাদ

তারিখ ... 15.3.86 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম ... 6 ...

আরও কয়েকজন নতুন মন্ত্রী নিয়োগের সম্ভাবনা

# মন্ত্রণালয় ও বিভাগের সংখ্যা বাড়ানো হলো

(নিজস্ব বার্তা পরিবেশক)

নতুন মন্ত্রী নিয়োগের সাথে সাথে মন্ত্রণালয় ও বিভাগের সংখ্যাও বাড়ানো হয়েছে। ১৯৮২ সালের ২৪শে মার্চ থেকে সামরিক আইন জারির পর সাবেক আমলের মন্ত্রণালয়ের সংখ্যা ৪২টি থেকে কমিয়ে এনে ২০টি করা হয়। এই পুনর্গঠিত ২০টি মন্ত্রণালয়ের অধীনে সব কটি বিভাগকে অন্তর্ভুক্ত করা হয়। প্রশাসনিক পুনর্বিন্যাস ও ব্যয় সংকোচের নামে গৃহীত এই ব্যবস্থাকে তখন সরকারের একটি বড় সাফল্য বলে বর্ণনা করা হয়েছিল।

গত ৮ই মার্চ মন্ত্রী পরিষদ বিভাগ এক নোটিফিকেশনের মাধ্যমে নতুন ২৮টি মন্ত্রণালয় ও বিভাগ পুনর্গঠন করেছে। সংপ্রতি নতুন ৪জন মন্ত্রী ও ১ জন প্রতিমন্ত্রী নিয়োগের ফলে মন্ত্রণালয় ও বিভাগ পুনর্গঠনের প্রয়োজনীয়তা দেখা দেয়।

দেশে বর্তমানে রাষ্ট্রপতি ও প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ, এম, এরশাদের [illegible] দপ্তরবিহীন মন্ত্রী ও ১ জন প্রতিমন্ত্রী রয়েছেন। এ ছাড়া রাষ্ট্রপতির বিশেষ সহকারী ব্যারিস্টার এ. আর ইউসুফকে একজন কেবিনেট মন্ত্রী ও প্রধান অর্থ উপদেষ্টা জনাব এম, সায়েদুজ্জামানকে একজন প্রতিমন্ত্রীর মর্যাদা দেয়া হয়েছে।

সরকারের সাথে ঘনিষ্ঠ সূত্রে জানা গেছে যে, অতি শিগগির বর্তমান মন্ত্রিসভা সম্প্রসারিত করে আরো কয়েকজন মন্ত্রী ও প্রতিমন্ত্রী নিয়োগের সম্ভাবনা রয়েছে। নতুন মন্ত্রিসভায় যাদের নিয়োগ করা হতে পারে তারা সবাই রাজনৈতিক ব্যক্তি হবেন বলে ধারণা করা হচ্ছে।

## পুনর্গঠিত ২৮টি মন্ত্রণালয় ও বিভাগ

গত ৮ই মার্চ মন্ত্রী পরিষদ বিভাগ যে ২৮টি মন্ত্রণালয় ও বিভাগ পুনর্গঠিত করেছে সেগুলো নিম্নরূপ: রাষ্ট্রপতির সচিবালয়, প্রধান সামরিক আইন প্রশাসকের সচিবালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, যোগাযোগ মন্ত্রণালয়, বন্দর, শিপিং ও আভ্যন্তরীণ নৌ পরিবহণ মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, সেচ, পানি উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, সংস্থাপন মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, পাট ও বস্ত্র মন্ত্রণালয়, শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়, আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ভূমি প্রশাসন ও ভূমি সংস্কার মন্ত্রণালয়, পূর্ত মন্ত্রণালয়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, সমাজ কল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া

বিভাগ, কৃষি মন্ত্রণালয়ের অধীনে কৃষি ও বন বিভাগ এবং মৎস্য ও গবাদিপশু পালন বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অধীনে অর্থ বিভাগ, আভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও বহিঃসম্পদ বিভাগ; পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীনে পরিকল্পনা বিভাগ, পরিসংখ্যান বিভাগ, বাস্তবায়ন মনিটরিং এবং মূল্যায়ন বিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে জ্বালানি বিভাগ এবং পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ বিভাগ, খাদ্য মন্ত্রণালয়ে খাদ্য বিভাগ ও ত্রাণ এবং পুনর্বাসন বিভাগ এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন এবং সমবায় মন্ত্রণালয়ে স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ থাকবে।

101